# জামায়াতের নিবন্ধন বাতিলের জন্য প্রধানমন্ত্রীর কাছে চিঠি



সংগৃহীত ছবি

‘সচেতন নাগরিক সমাজ’ নামের একটি সংগঠন প্রধানমন্ত্রীর কাছে চিঠি পাঠিয়ে জামায়াতের নিবন্ধন বাতিলের দাবি তুলেছে। সংগঠনটির সদস্য সচিব ও আলোচিত নারী উদ্যোক্তা রোবাইয়াত ফাতিমা তনি সংবাদ সম্মেলনে চিঠি পাঠের বিষয়টি জানান। সংগঠনটির

ফাতিমা তনি বলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান এবং দলের শীর্ষ নেতারা বিভিন্ন সময়ে ঘোষণা করেছেন, কোনো নারী দলীয় প্রধান, রাষ্ট্রপ্রধান, রাষ্ট্রপতি বা প্রধান বিচারপতি হতে পারবে না। এটি দলটির নীতিতেও প্রতিফলিত। তিনি বলেন, এই অবস্থান সংবিধানের অনুচ্ছেদ ২৭ ও ২৮-এর সরাসরি লঙ্ঘন। আরপিও অনুযায়ী, লিঙ্গ সমতার বিরুদ্ধে অবস্থান নেওয়া কোনো দলকে নিবন্ধন বাতিলের আওতায় আনা যায়।

সংগঠনের সদস্য সচিব আরও বলেন, নারীর সম্মান ও সাংবিধানিক অধিকার কোনো রাজনৈতিক আপোষের বিষয় হতে পারে না। তারা দ্রুত আইনী ব্যবস্থা গ্রহণ, অবমাননাকর বক্তব্যের জন্য ডা. শফিকুর রহমানের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নিশ্চিত করা এবং তাকে প্রকাশ্যে ক্ষমতা চাইতে বাধ্য করার দাবি জানিয়েছেন। পাশাপাশি নারীর প্রতি বিদ্বেষমূলক বক্তব্য প্রতিরোধে রাষ্ট্রকে কঠোর আইনগত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানানো হয়েছে।

LENS ASIA